গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬,আবদুল গণি রোড,ঢাকা।

e-mail: dproc@dgfood.gov.bd
websit:dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১.৩০৭(৬) তারিখ ঃ ০৬/০৩/২০১১ খ্রিঃ।

বিষয় ঃ- অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১১-১২ এর আওতায় অতিরিক্ত ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) মেঃটন সিদ্ধ চাল সংগ্রহের জন্য উপজেলাওয়ারী বিভাজন প্রেরণ।

সূত্র ঃ খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৯.০০৮.২০১০-১১, তারিখ ০৬-০৩-২০১২ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১১-১২ মৌসুমে অতিরিক্ত ১,২০,০০০ (এক লক্ষ কুড়ি হাজার) মেঃটন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

(ক) আমন সংগ্রহের সময়সীমা ০৫-০৩-১২ইং থেকে ৩১-০৩-১২ইং পর্যন্ত বলবৎ থাকবে ;
(খ) অভ্যন্তরীণ আমন সংগ্রহের অতিরিক্ত লক্ষ্যমাত্রা ঃ সিদ্ধ চাল - ১.২০ লক্ষ মেঃ টন;
(গ) আমন সংগ্রহ মূল্য ঃ সিদ্ধ চাল কেজি প্রতি ২৮/- (আটাশ) টাকা;
(ঘ) মিলারদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা ১৫/০৩/২০১২ ইং তারিখ পর্যন্ত;
(ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য যথাক্রমে ৫০ কেজির বস্তা প্রতি ৮০.০০ (আশি) টাকা এবং ৮৫ কেজির বস্তা প্রতি ১০০.০০ (একশত) টাকা।

২। সংগ্রহ নীতিমালা ২০১০ এবং খাদ্য বিভাগের ০২-০৬-২০১১ তারিখের ১০৫নং পত্রে জারিকৃত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বিনির্দেশমহ আমন চাল সংগ্রহ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। আমন সংগ্রহ ২০১১-১২ মৌসুমে চুক্তি সম্পাদন করে শুধুমাত্র আমন চাল সরবরাহকারী মিলারগণ এ চাল সরবরাহ করতে পারবে। তবে, কোন চালকল মালিক ইতোমধ্যে জামানত ফেরত নিয়ে থাকলে পুনঃ জামানত প্রদানপূর্বক চুক্তি সম্পাদন করে সরকারী গুদামে চাল সরবরাহ করতে পারবেন।

এক্ষনে সূত্রে বর্ণিত স্মারকে প্রদত্ত অতিরিক্ত ১,২০,০০০ মেঃ টন লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
(মোঃ বদরুল হাসান)
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

প্রাপক ঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/সিলেট বিভাগ।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১.৩০৭/৬(১৭) তারিখ ঃ ০৬/০৩/২০১১ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। সকল পরিচালক .... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
৮। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬,আবদুল গণি রোড,ঢাকা।
e-mail: dproc@dgfood.gov.bd
websit:dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১.৩১১(৫) তারিখ ঃ ০৭/০৩/২০১১ খ্রিঃ।

বিষয় ঃ- অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১১-১২ এর আওতায় ৩০,০০০ (ত্রিশ হাজার) মেঃটন আতপ চাল সংগ্রহের জন্য উপজেলাওয়ারী বিভাজন প্রেরণ।

সূত্র ঃ খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৯.০০৮.২০১০-১৪, তারিখ ০৭-০৩-২০১২ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১১-১২ মৌসুমে ৩০,০০০ (ত্রিশ হাজার) মেঃটন আতপ চাল সংগ্রহের লক্ষ্যে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(১) আমন আতপ চালের মূল্য প্রতি কেজি ২৭/- (সাতাশ) টাকা;
(২) সংগ্রহের মেয়াদ ০৫-০৩-১২ইং তারিখ থেকে ৩১-০৩-১২ইং পর্যন্ত ;
(৩) যে সব অঞ্চলের খাদ্য গুদামে খালি জায়গা রয়েছে সে সব কেন্দ্রে অতিরিক্ত চাল সংগ্রহে অগ্রাধিকার দেয়া ;
(৪) মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১৫/০৩/২০১২ ইং তারিখ পর্যন্ত ;
(৫) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য যথাক্রমে ৫০ কেজির বস্তা প্রতি ৮০.০০ (আশি) টাকা এবং ৮৫ কেজির বস্তা প্রতি ১০০.০০ (একশত) টাকা।

২। সংগ্রহ নীতিমালা ২০১০ এবং খাদ্য বিভাগের ০২-০৬-২০১১ তারিখের ১০৫নং পত্রে জারিকৃত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বিনির্দেশসহ আতপ চাল সংগ্রহ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এক্ষনে সূত্রে বর্ণিত স্মারকে প্রদত্ত ৩০,০০০ মেঃ টন আতপ চালের লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তাঁর অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৪। এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের আতপ চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
(মোঃ বদরুল হাসান)
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

প্রাপক ঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/সিলেট বিভাগ।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১. ৩১১/৫(১৭) তারিখ ঃ ০৭/০৩/২০১১ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। সকল পরিচালক .... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
৮। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

G:\WEB UPDATE\Aman Procurement\Aman.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬,আবদুল গণি রোড,ঢাকা।
e-mail: dproc@dgfood.gov.bd
websit:dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১.১৯৫৯(৬) তারিখ ঃ ০৫/১২/২০১১ খ্রিঃ।

বিষয় ঃ- **অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০১১/১২ এর লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী সিদ্ধ চালের বিভাজন।**

সূত্র ঃ ১। খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য বিভাগ, এফপিএমইউর স্মারক নং ১৩.০০.০০০০.০৬৩.০৬.০০১.১৯৮৩-১১৫, তারিখ ০৫-১২-২০১১ইং।
২। খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.১১১.৫২.০৫.১২৭, তারিখ ০৫-১২-২০১১ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০১১/১২ এর সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

(ক) আমন সংগ্রহের সময়সীমা ০৫-১২-১১ইং থেকে ২৮-০২-১২ইং পর্যন্ত বলবৎ থাকবে ;
(খ) অভ্যন্তরীণ আমন সংগ্রহের লক্ষ্যমাত্রা ঃ সিদ্ধ চাল - ২.০০ লক্ষ মেঃ টন;
(গ) আমন সংগ্রহ মূল্য ঃ সিদ্ধ চাল কেজি প্রতি ২৮/- (আটাশ) টাকা;
(ঘ) মিলারদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা ২০/১২/২০১১ ইং তারিখ পর্যন্ত;
(ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য যথাক্রমে ৫০ কেজির বস্তা প্রতি ৮০.০০ (আশি) টাকা এবং ৮৫ কেজির বস্তা প্রতি ১০০.০০ (একশত) টাকা ;
(চ) খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের ১৪/০৬/১০ ইং তারিখের খাদুব্যম/খাবি/অভ্যঃসংগ্রহ/ নীতিমালা-১/২০০৯/৪৮ নং স্মারকে জারীকৃত অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১০ এবং সংশোধনী-এর নির্দেশনা মোতাবেক সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে
(ছ) অন্যান্যের মধ্যে বোরো সংগ্রহ-২০১০ মৌসুমে চুক্তি সম্পাদন করে চাল সরবরাহে ব্যর্থ চালগুলো আগামী ১ (এক) বছর সরকারী চাল সংগ্রহ কাজে অংশগ্রহণ করতে পারবে না মর্মে খাদ্য অধিদপ্তরের ১৫/০৫/২০১১ তারিখের সপ/সংগ্রহ/বোরো সংগ্রহ-২৬/২০১০/৯৩০(৭) নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। ঐ সিদ্ধান্ত এক বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অর্থাৎ চলতি আমন সংগ্রহ অভিযান/২০১১-১২ মৌসুমেও বলবৎ থাকবে।

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকদ্বয়ে ধার্যকৃত ২,০০,০০০ মেঃ টন লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তাঁর অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ সম্মত মানের চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
(মোঃ বদরুল হাসান)
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

প্রাপক ঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/সিলেট বিভাগ।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৫.১১. ১৯৫৯/৬(১৮) তারিখ ঃ ০৫/১২/২০১১ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। সকল পরিচালক .... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
৮। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।